সর্বশেষ ২৩/০৪/২০২৬ তারিখ
প্রকাশিত গেজেটের সংশোধনীসহ

# আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০১৪

এস. আর. ও. নং-১৯৪-আইন/২০১৪।—আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ ব্যক্তিগণকে আইনগত সহায়তা প্রদানের উদ্দেশ্যে, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর, আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর ধারা ৭ এর দফা (ক) এর বিধান মোতাবেক বিগত ২৪ মে ২০০১ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ১৩০-আইন/২০০১ মূলে জারীকৃত আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০০১ বাতিলক্রমে, নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই নীতিমালা আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। **আইনগত সহায়তা প্রাপ্তির যোগ্যতা**।—উপরি-উক্ত নীতিমালার অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

[১]["(১) এই নীতিমালার অধীন নিম্নবর্ণিত ব্যক্তিগণ আইনগত সহায়তা পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা:-

(ক) কোনো ব্যক্তি, কোনো বীর মুক্তিযোদ্ধা, গেজেটভুক্ত কোনো বীর যুদ্ধাহত মুক্তিযোদ্ধা বা কোনো শ্রমিক যাহার বার্ষিক আয় সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত আয়কর সীমার নিম্নে; এবং

(খ) কর্মে অক্ষম, আংশিক কর্মক্ষম বা কর্মহীন কোনো ব্যক্তি।"]

(২) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই নীতিমালার অধীন নিম্নবর্ণিত ব্যক্তিগণও আইনগত সহায়তা পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা:-

(ক) কোন শিশু;

(খ) মানব পাচারের শিকার কোন ব্যক্তি;

(গ) শারীরিক, মানসিক এবং যৌন নির্যাতনের শিকার নারী ও শিশু:

(ঘ) নিরাশ্রয় ব্যক্তি বা ভবঘুরে:

(ঙ) ক্ষুদ্র জাতিসত্তা বা নৃ-গোষ্ঠী বা সম্প্রদায়ের কোন ব্যক্তি;

(চ) পারিবারিক সহিংসতার শিকার বা সহিংসতার ঝুঁকিতে রহিয়াছেন এইরূপ কোন সংক্ষুব্ধ ব্যক্তি;

(ছ) বয়স্ক ভাতা পাইতেছেন এইরূপ কোন ব্যক্তি;

(জ) ভিজিডি কার্ডধারী কোন দুস্থ মাতা;

(ঝ) দুর্বৃত্ত কর্তৃক এসিড দগ্ধ নারী বা শিশু;

(ঞ) আদর্শ গ্রামে গৃহ বা ভূমি বরাদ্দপ্রাপ্ত কোন ব্যক্তি;

(ট) অসচ্ছল বিধবা, স্বামী পরিত্যক্তা এবং দুস্থ মহিলা;

(ঠ) প্রতিবন্ধী ব্যক্তি;

(ড) আর্থিক অসচ্ছলতার কারণে আদালতে অধিকার প্রতিষ্ঠা বা আত্মপক্ষ সমর্থন করিতে অসমর্থ ব্যক্তি;

(ঢ) বিনা বিচারে আটক এমন কোন ব্যক্তি যিনি আত্মপক্ষ সমর্থনের যথাযথ ব্যবস্থা গ্রহণে আর্থিকভাবে অসচ্ছল;

(ণ) আদালত কর্তৃক আর্থিকভাবে অসহায় বা অসচ্ছল বলিয়া বিবেচিত ব্যক্তি;

(ত) জেল কর্তৃপক্ষ কর্তৃক আর্থিকভাবে অসহায় বা অসচ্ছল বলিয়া সুপারিশকৃত বা বিবেচিত কোন ব্যক্তি;

(থ) আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ এর উদ্দেশ্য পূরণকল্পে, অধিদপ্তর কর্তৃক সময় সময় চিহ্নিত আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন, নানাবিধ আর্থ-সামাজিক এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত কোন ব্যক্তি যিনি আর্থিক অসচ্ছলতার কারণে স্বীয় অধিকার প্রতিষ্ঠা বা মামলা পরিচালনায় অসমর্থ;

(দ) জুলাই যোদ্ধা এবং জুলাই গণঅভ্যুত্থানের শহিদ পরিবার;

(ধ) গুম হওয়া ব্যক্তি, তাহার পরিবার বা উক্ত গুমের কারণে সরাসরি ক্ষতিগ্রস্ত কোনো ব্যক্তি।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর উদ্দেশ্য পূরণকল্পে,-

(ক) 'শ্রমিক' অর্থ মালিকের সংজ্ঞা বহির্ভূত এমন কোন ব্যক্তি, শিক্ষানবিস হিসাবে নিযুক্ত ব্যক্তিসহ, যিনি বেতন বা পারিতোষিকের ভিত্তিতে কোন এলাকায় কোন শিল্প ইউনিটে দক্ষ, অদক্ষ, কায়িক, কারিগরী অথবা করণিক কার্য করিবার জন্য সরাসরি বা ঠিকাদারের মাধ্যমে বা অন্য কোনভাবে নিযুক্ত হইয়াছেন এবং উক্তরূপ নিযুক্তির শর্তে স্পষ্টভাবে ব্যক্ত থাকুক বা নাই থাকুক, উক্ত ব্যক্তি;

(খ) 'শিশু' অর্থ শিশু আইন, ২০১৩ এর ধারা ৪ এ বর্ণিত শিশু;

(গ) 'মানব পাচারের শিকার ব্যক্তি' অর্থ মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ এর ধারা ৩ এ বর্ণিত মানব পাচারের শিকার কোন ব্যক্তি;

(ঘ) 'নিরাশ্রয় ব্যক্তি বা ভবঘুরে' অর্থ ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তি (পুনর্বাসন) আইন, ২০১১ এর ধারা ২ এ বর্ণিত নিরাশ্রয় কিংবা ভবঘুরে ব্যক্তি;

(ঙ) 'সংক্ষুব্ধ ব্যক্তি' অর্থ পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০ এ বর্ণিত শিশু বা নারী যিনি পারিবারিক সম্পর্ক থাকিবার কারণে পরিবারের অপর কোন সদস্য কর্তৃক পারিবারিক সহিংসতার শিকার হইয়াছেন বা হইতেছেন বা সহিংসতার ঝুঁকির মধ্যে রহিয়াছেন এইরূপ ব্যক্তি; এবং

(চ) 'প্রতিবন্ধী' অর্থ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ৩ এ বর্ণিত প্রতিবন্ধিতাসম্পন্ন ব্যক্তি।

৩। **তথ্য সেবা গ্রহণ, ইত্যাদি।**- অনুচ্ছেদ ২ এ বর্ণিত বিধান সত্ত্বেও ও যে কোন ব্যক্তি, তাহার আর্থিক সামর্থ্য যাই হোক না কেন, সরকারি আইনগত সহায়তা কর্মসূচির আওতায় পরিচালিত আইনগত তথ্য সেবা গ্রহণ, আইনগত পরামর্শ গ্রহণ কিংবা বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির সেবা গ্রহণের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

**রেফারেন্স:**

১। গত ২০ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের এস, আর, ও নং ১৯৪-আইন/২০১৪।
২। গত ১৯ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের এস. আর. ও নম্বর-২৯০-আইন/২০২৩।
৩। গত ২৩ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের এস. আর. ও নং ৮২-আইন/২০২৬।